

বৈশিষ্ট্য ইতিহাস

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

01/2022

দোষীদের শাস্তি হবে : শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেছেন, ২৩শে জুলাই শামসুন্নাহার হলে ছাত্রীদের উপর হামলার ঘটনা দুঃখজনক। শিক্ষার স্বার্থে এ ব্যাপারে দোষী ব্যক্তিকে শাস্তি প্রদান করা হবে। গতকাল ডিসির পদত্যাগের খবর প্রকাশ করে শিক্ষামন্ত্রী তাঁর দফতরে বলেন, আমি বিশ্বাস করি এবার ছাত্র-ছাত্রীরা (১৫শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

দোষীদের শাস্তি

(শেষ পৃঃ পর)

শাস্তি হবে। ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ ফিরে আসবে। বিশ্ববিদ্যালয় হবে খুলবে এই প্রশ্নের জবাবে তিনি বলেন, এটা কতৃপক্ষের সিদ্ধান্তের বিষয়। আশা করি তদন্ত কমিশনের রিপোর্ট নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশ হবে এবং বিশ্ববিদ্যালয়ও খুলে দেয়া হবে।

তদন্ত কমিশন নায়েম হলের ছাত্র-ছাত্রী ও ঘটনার প্রত্যক্ষদর্শীকে সাক্ষ্য দিতে ডেকেছে। কিন্তু অনেকেই জায়গাটিকে নিরপেক্ষ ও নিরাপদ মনে করছেন না। সাক্ষাৎের স্থান কী বদল হতে পারে? এই প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, এটা কমিশনের ব্যাপার। আমার কিছু বলা ঠিক হবে না।